
# Dr. Rizvy Sir – HSC জীববিজ্ঞান



## রুই (Labeo rohita) এর প্রাথমিক আলোচনা



## ভূমিকা

সারা দেহে আঁইশ না থাকলে নন কার্প (Non - Carp) এবং মাথায় আঁইশবিহীন হলে কার্প (Carp) জাতীয় মাছ বলে। একে Cyprinid-ও বলা হয়। এদের আঁকারে বড়গুলোকে মেজর কার্প এবং কিছুটা ছোট গুলোকে মাইনর কার্প বলা হয়। রুই মাছ মেজর কার্প জাতীয় এবং বাটা মাছ মাইনর কার্প জাতীয়।

রুই মাছ – *Labeo rohita*

বাটা – *Labeo bata*

আরও কিছু মেজর কার্প ও মাইনর কার্পজাতীয় মাছ একবার দেখে নিতে পারো..........

### Major Carp

- ✓ চাইনিজ কার্প (Aristichthyes nobilis)
- ✓ গ্রাস কার্প (Ctenopharyngodon idella)
- ✓ সিলভার কার্প (Hypophtahlmicthys molitrix)
- ✓ কাতলা (Catla catla)
- ✓ মৃগেল (Cirrhinus cirrhosus)

### Minor Carp

- ✓ ভাগনা (Cirrhinus reba)
- ✓ কালিবাউস (Labeo calbasu)

## রুই এর বৈশিষ্ট্য

রুই মাছের অঞ্চলভিত্তিক পরিচিত অপর বাংলা নামগুলো হচ্ছে – রুহিত, রাউ, গরমা, নওসি ইত্যাদি। এটি দ্রুত বর্ধনশীল মাছ এবং স্বাভাবিক অবস্থায় খামারে বছরে ৩৫-৪৫ সেন্টিমিটার (১-১.৫ ফুট) লম্বা, ৭০০ – ৮০০ গ্রাম ওজনবিশিষ্ট হয়। কিন্তু হালদা নদীর রুইয়ের পোনার বৃদ্ধি ২ – ২.৫ কেজি পর্যন্ত বাড়ে। এ কারণে হালদা নদীর রুইয়ের রেণু পোনা/ডিম পোনা (৪ দিন বয়সের পোনা) প্রতি কেজি সর্বনিম্ন ৬০ – ৬৫ হাজার টাকা (যখন বিপুল পরিমাণ ডিম পাওয়া যায়), সর্বোচ্চ এক লক্ষ টাকা। এটি ১৪° সেলসিয়াস তাপমাত্রার নিচে বাঁচতে পারে না। এ মাছ সাধারণত ভারত, পাকিস্তান, বাংলাদেশসহ এশিয়া, রাশিয়া ও আফ্রিকার কিছু দেশের স্বাদু বা মিঠা পানিতে জন্মায়।

## শ্রেণীবিন্যাস

**Phylum**: Chordata (নটোকর্ড, স্নায়ুরজ্জু ও ফুলকারন্ধ্র থাকে বলে)

**Sub-Phylum**: Vertebrata (মেরুদন্ড থাকে বলে)

**Class**: Actinopterygii (অস্থিময় রশ্মিযুক্ত পাখনা থাকে বলে)

**Order**: Cypriniformes (পার্শ্বরেখা নামক সংবেদী অঙ্গ থাকে বলে)

**Family**: Cyprinidae (কার্প জাতীয় বলে)

**Genus**: Labeo (মাংসময় ঠোঁট আছে বলে)

**Species**: *Labeo rohita*

Dr. Rizvy Sir

নিজে পূরণ করো

**Phylum**:

**Sub-Phylum**:

**Class**:

**Order**:

**Family**:

**Genus**:

**Species**:

রুই মাছ সম্পর্কে ১০টি কথা –

**RUI / Labeo rohita**

১. মেজর কার্প জাতীয়।
২. ৬০-৬৫ হাজার টাকা প্রতি কেজি পোনা।
৩. প্রায় ৩,০০০ প্রজাতির কার্প মাছ আছে।
৪. ১-১.৫ ফুট লম্বা।
৫. সাইক্লয়েড আঁইশ থাকে।
৬. ১৪° সেলসিয়াস এর কম তাপমাত্রায় বাঁচতে পারে না।
৭. ৭০০-৮০০ গ্রাম ওজন।
৮. ২-২.৫ কেজি ওজন হয় হালদা নদীর মাছের ক্ষেত্রে।
৯. মিঠা বা স্বাদু পানিতে জন্মায়।
১০. হোমোসার্কাল লেজযুক্ত।
১১. বৈজ্ঞানিক নাম –

**Class**: Actinopterygii
**Order**: Cypriniformes, **Family**: Cyprinidae
**Genus**: Labeo, **Species**: *Labeo rohita*

এই টপিকের জ্ঞানমূলক

✓ **কার্প এর সংজ্ঞা দাও।**

উঃ স্বাদু পানির অস্থিক মাছ, যাদের মাথার আঁইশ, অতিরিক্ত শ্বসন অঙ্গ এবং চোয়ালে দাঁত থাকে না কিন্তু সিলোম পটকা থাকে তাদেরকে কার্প মাছ বলে।

✓ **রুই মাছের শ্রেণির নাম লেখো।**

উঃ রুই মাছের শ্রেণির নাম– Actinopterygii।

এই টপিকের অনুধাবনমূলক

✓ **কার্প জাতীয় মাছ বলতে কী বোঝায়?**

উঃ Cypriniformes বর্গের অন্তর্গত Cyprindae গোত্রভূক্ত মিঠাপানির প্রায় ৩,০০০ প্রজাতির মাছকে কার্প (Carp) বা সিপ্রিনিড (Ciprinid) মাছ বলে। এটি সবচেয়ে বড় ও বৈচিত্র্যময় মাছের গোত্র (মেরুদন্ডী প্রাণী হিসেবেও সবচেয়ে বড় গোত্র)। স্বাদুপানির যেসব মাছের মাথায় আঁইশ থাকে না কিন্তু সারাদেহ সাইক্লয়েড (Cycloid) আঁইশে আবৃত থাকে, দেহগহ্বরে পটকা থাকে সেগুলোকে কার্প জাতীয় মাছ বলে।

Dr. Rizvy Sir

✓ **রুই মাছের শ্রেণিবিন্যাস লেখ।**

উঃ **Phylum**: Chordata

**Sub-Phylum**: Vertebrata

**Class**: Actinopterygii

**Order**: Cypriniformes

**Family**: Cyprinidae

**Genus**: Labeo

**Species**: *Labeo rohita*

## এই টপিকের বহুনির্বাচনি

০১. কার্প জাতীয় মাছে আঁইশ থাকে না কোথায়?
ক. মাথা খ. লেজ
গ. দেহ ঘ. উদর উঃ ক

০২. নিচের কোনটি মেজর কার্প?
ক. রুই খ. কালিবাউস
গ. ভাগনা ঘ. বাটা উঃ ক

০৩. রুই মাছের শ্রেণির নাম কী?
ক. Actinopterygii খ. Aktinopterygii
গ. Actinopterygi ঘ. Aktinopterygi উঃ ক

০৪. কোনটি সঠিকভাবে লেখা রুই মাছের বৈজ্ঞানিক নাম?
ক. Labeo rohita খ. Lebeo rohita
গ. Labeo Rohita ঘ. Labeo, rohita উঃ ক

০৫. রুই মাছের আঁইশ কোন ধরনের?
ক. প্ল্যাকয়েড খ. টিনয়েড
গ. সাইক্লয়েড ঘ. গ্যানয়েড উঃ গ

০৬. রুই মাছের লেজ কোন ধরনের?
ক. হোমোসার্কাল খ. ডাইফিসার্কাল
গ. হেটেরোসার্কাল ঘ. কোনোটিই নয় উঃ ক

০৭. রুই মাছের ক্ষেত্রে সত্য নয় কোনটি?
ক. মেজর কার্প ধরনের খ. মিঠাপানির
গ. মাইনর কার্প ধরনের ঘ. লোনাপানির উঃ গ ও ঘ

০৮. কত সেলসিয়াস তাপমাত্রার নিচে রুই মাছ বাঁচতে পারে না? (ডে.ভ.প. ১৬-১৭)
ক. $24^0C$ খ. $16^0C$
গ. $14^0C$ ঘ. $20^0C$ **উঃ গ**

০৯. রুই মাছের বর্গের নাম হলো- (DU-A: 16-17, JU-D: 15-16)
ক. Cypriniformes খ. Clupeiformes
গ. Siluriformes ঘ. Channiformes **উঃ ক**

১০. Actinopterygii শ্রেণির বৈশিষ্ট্য হলো– [আলীম]
ক. গ্যানয়েড আঁইশ খ. সাইক্লয়েড আঁইশ
গ. প্ল্যাকয়েড আঁইশ ঘ. হেটোরোসার্কাল লেজ **উঃ খ**

১১. নিচের কোনটি 'কার্পজাতীয়' মাছ নয়? (CU-1: 15-16)
ক. রুই খ. কাতলা
গ. মৃগেল ঘ. পাঙাশ **উঃ ঘ**

১২. রুই মাছের ওজন কত?
ক. ৭০০ – ৮০০ গ্রাম খ. ৭ – ৮ কেজি
গ. ৫০০ – ৬০০ গ্রাম ঘ. ৬ – ৮ কেজি উঃ ক

১৩. কোন মহাদেশে রুই মাছ পাওয়া যায় না?
ক. এশিয়া খ. অস্ট্রেলিয়া
গ. রাশিয়া ঘ. আফ্রিকা উঃ খ

১৪. ৪ দিন বয়সী পোনার ওজন কত টাকা?
ক. ৫০ – ৫৫ হাজার খ. ৬০ – ৭০ হাজার
গ. ৬০ – ৬৫ হাজার ঘ. ৭০ – ৮০ হাজার উঃ গ

১৫. কত প্রজাতির কার্প মাছ আছে?
ক. ১০০০ খ. ২০০০
গ. ৩০০০ ঘ. ৪০০০ উঃ গ

১৬. রুই মাছ লম্বায় –
ক. ১ – ১.৫ সে.মি খ. ১ – ১.৫ ফুট
গ. ৩৫ – ৪৫ সে.মি ঘ. ৩৫ – ৪৫ ফুট উঃ খ, গ

১৭. হালদা নদীর রুই মাছের ওজন কত কেজি হয়?
ক. ২ – ২.৫ গ্রাম খ. ২ – ২.৫ কেজি
গ. ২০০ – ২৫০ গ্রাম ঘ. ২০০ – ২৫০ কেজি উঃ খ

১৮. মাথায় আঁইশবিহীন মাছকে বলে –
ক. কার্প খ. নন – কার্প
গ. ক ও খ ঘ. কোনোটিই নয় উঃ ক

১৯. নিচের কোনটি রুইয়ের অপর নাম নয়?
ক. রুহিত খ. রাউ
গ. গরমা ঘ. নাসিউ উঃ ঘ

২০. Labeo এর অর্থ কী?
ক. মাংসল লেজ খ. অস্থিময় মাছ
গ. মাংসময় ঠোঁট ঘ. মাংসবিহীন ঠোঁট উঃ গ

## Rapid Test

| ১ | | | | ২ | | | | ৩ | | | | ৪ | | | | ৫ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ |
| ৬ | | | | ৭ | | | | ৮ | | | | ৯ | | | | ১০ | | | |
| ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ | ক | খ | গ | ঘ |

Dr. Rizwy Sir